বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, কুমিল্লা
www.bgdcl.gov.bd

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৪১.৯৯.০০৩৯.২৬.৬১

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ-১৩০১

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এর পুরাতন/অকেজো **কারিগরি মালামাল ও ভারী যন্ত্রাংশ** প্রকৃতপক্ষে ব্যবহারযোগ্য, মেরামতযোগ্য অথবা কনডেমযোগ্য কি-না তা যথাযথভাবে যাচাই-বাছাইয়ের প্রয়োজনীয়তা রয়েছে।

এ পরিপ্রেক্ষিতে, কারিগরি মালামাল ও ভারী যন্ত্রাংশ ক্রয়, প্রতিস্থাপন ও অপসারণের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং এর যথাযথ মূল্যায়নের লক্ষ্যে উক্ত কারিগরি মালামাল ও ভারী যন্ত্রাংশের ব্যবহারযোগ্যতা, মেরামতযোগ্যতা ও কনডেম/নিলামযোগ্যতা নিরূপণ করার জন্য নিম্নবর্ণিত পদধারী কর্মকর্তাদের সমন্বয়ে একটি **স্থায়ী কনডেমনেশন কমিটি** গঠন করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক নম্বর	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান
১।	উপমহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিস) ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। **প্রতিকল্প:** উপমহাব্যবস্থাপক (সঞ্চালন) সঞ্চালন ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	আহবায়ক
২।	উপমহাব্যবস্থাপক (হিসাব/নিরীক্ষা) বা ব্যবস্থাপক পর্যায়ের প্রতিনিধি, হিসাব/নিরীক্ষা ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৩।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক(ম্যাটারিয়াল/কর্পোরেট ও প্রজেক্ট প্ল্যানিং), পরিকল্পনা ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৪।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক(বৈদেশিক/স্থানীয় ক্রয়), ক্রয় ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৫।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক(এনসিসিএম), এনসিসিএম শাখা সঞ্চালন ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৬।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক(বৈদেশিক/সাধারণ ম্যাটারিয়ালস), ভান্ডার ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৭।	সংশ্লিষ্ট ব্যবহারকারী/ইনডেন্টিং ডিপার্টমেন্টের প্রতিনিধি-উপব্যবস্থাপক/ব্যবস্থাপক বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা।	সদস্য-সচিব

২। কমিটির বিবেচ্য বিষয় ও করণীয় (TOR):

ক) কমিটি কোম্পানির পুরাতন/অকেজো কারিগরি মালামাল ও ভারী যন্ত্রাংশ সরেজমিনে পরীক্ষা-নিরীক্ষা করে সেগুলোর গুণগতমান ও উপযুক্ততা যাচাইপূর্বক এর ব্যবহারযোগ্যতা, মেরামতযোগ্যতা ও কনডেমযোগ্যতা নির্ধারণ করবে ;

খ) কোনো কারিগরি মালামাল ও ভারী যন্ত্রাংশ মেরামতের মাধ্যমে পুনরায় ব্যবহারযোগ্য হলে, কমিটি প্রয়োজনীয় মেরামত/সংস্কারের সুপারিশ করবে এবং মেরামত অর্থনৈতিকভাবে যৌক্তিক না হলে তা কনডেমযোগ্য বা স্ক্র্যাপযোগ্য হিসেবে চিহ্নিত করবে ;

গ) কোনো কারিগরি মালামাল ও ভারী যন্ত্রাংশ কনডেমযোগ্য হিসেবে বিবেচিত হলে, কমিটি প্রচলিত বিধিবিধান অনুসরণপূর্বক তা কনডেম ঘোষণা করবে এবং স্ক্র্যাপ করার সুপারিশ করবে;

ঘ) উক্ত যন্ত্রাংশ পরিবর্তন/প্রতিস্থাপনের ক্ষেত্রে তা কমিটির মাধ্যমে কনডেম/স্ক্র্যাপ ঘোষণা করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে

ঙ) কমিটি প্রয়োজনে উপর্যুক্ত কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে মতামত ও সুপারিশ প্রদান করবে; এবং

চ) কমিটির সদস্য-সচিব এ সংশ্লিষ্ট নথি উত্থাপন করবেন এবং কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন।

৩। কনডেমনেশন কমিটির সুপারিশের আলোকে স্ট্যান্ডিং নিলাম কমিটি নিয়মানুযায়ী সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে যথানিয়মে কারিগরি মালামাল ও যন্ত্রাংশ নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

৪। কমিটির চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট তথ্য প্রদানে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

৫। এ আদেশ বলে এ সংক্রান্ত পূর্বের সকল অফিস আদেশ বাতিল বলে গণ্য হবে।

৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১২-১০-২০২৬
নাহিদ বানী ইসলাম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৪১.৯৯.০০৩৯.২৬.৬১/১ (১৩)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
২। সকল মহাব্যবস্থাপক/সচিব, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
৪। উপ-মহাব্যবস্থাপক, সঞ্চালন ডিপার্টমেন্ট, কুমিল্লা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৫। উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিপার্টমেন্ট, কুমিল্লা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৬। উপ-মহাব্যবস্থাপক, নিরীক্ষা ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৭। উপ-মহাব্যবস্থাপক, হিসাব ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৮। ব্যবস্থাপক , নেটওয়র্ক, কাস্টমার কন্ট্রোল এন্ড মেইন্টেন্যান্স শাখা (এনসিসিএম), কুমিল্লা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৯। ব্যবস্থাপক , ম্যাটেরিয়ালস প্ল্যানিং শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১০। ব্যবস্থাপক (চলতি দায়িত্ব), বৈদেশিক ক্রয় শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১১। ব্যবস্থাপক (চলতি দায়িত্ব), বৈদেশিক ম্যাটেরিয়ালস শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১২। সকল স্থাপনা প্রধান/ইনচার্জ.....।
১৩। অফিস কপি।

১২-১০-২০২৬
আপ্তাব উদ্দিন
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)